# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/যশোর-১১৪/৫/০৪ তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৫ / ২৬ মাঘ ১৪৩১

বিষয়: যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর চাকরিতে পুনর্বহাল প্রসঙ্গে

সূত্র: ১। স্মারক নং-বামাশিবো/সংস্থাপন/বাস্তবায়ন/এ-৪/৩৩৯/১০; তারিখ ২৯/০৯/২০১৪ খ্রি.;
২। জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাকের আবেদন ১৪/০৭/২০১৯ খ্রি. এবং ০৬/১১/২০২৪ খ্রি.তারিখের আবেদন;
৩। রিট পিটিশন নং-৯১৫০/২০১৯ এ প্রদত্ত আদেশ: তারিখ: ১৫/১০/২০১৯ খ্রি.
৪। বামাশিবো/প্রশাসন/যশোর-১৪৪/৭৫০; তারিখ: ১৪/০৬/২০২০;
৫। বামাশিবো/প্রশাসন/যশোর-১৪৪/৪/৩৬;তারিখ: ২৫/১১/২০২৪

১। উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর চাকরি থেকে বরখাস্ত অনুমোদনের বিষয়টি সূত্রোক্ত ১নং স্মারকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। বোর্ড কর্তৃক অনুমোদনের ভিত্তি হিসেবে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহের 'তদন্ত প্রতিবেদন'কে কার্যত বিবেচনা করা হয়। ১নং স্মারক এর বিরুদ্ধে বোর্ড কর্তৃক বিবেচিত তদন্ত প্রতিবেদন জাল দাবি করে রিট পিটিশন নং-১০১০২/২০১৪ দায়ের করেন যাহা ১২/০৮/২০১৪ খ্রি. তারিখে রক্ষণীয় নয় ও অন্য ফোরামে প্রতিকার চাইতে পারেন মর্মে নিষ্পত্তি হয়। অতঃপর জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক যশোর সহকারী জজ আদালতে বোর্ডের বর্ণিত ০১ নং স্মারক তারিখ: ২৯/৯/২০২৪ খ্রি. এর বিরুদ্ধে দেওয়ানী মামলা নং ১২/২০১৯ দায়ের করেন।

২। উল্লেখ্য, আরবী প্রভাষক পদে জনাব জাকারিয়ার নিয়োগ বিধিমোতাবেক না হওয়ার অভিযোগের ভিত্তিতে শিক্ষা অধিদপ্তর কর্তৃক MPO কর্তন করা হয়। উক্ত MPO কর্তনের বিরুদ্ধে তিনি রিট পিটিশন নং ৮৭৫০/ ২০১৬ দায়ের করেন যাহা ০৫/০২/২০১৮ তারিখে জনাব মুহা: জাকারিয়া মাদ্রাসার অধ্যক্ষ হিসেবে MPO ভুক্তির অধিকারী মর্মে রায় প্রদান করেন, যার বিরুদ্ধে দায়েরকৃত CP No-২৫০১, ২৬৬৮, ৪৪৯১/২০১৮ একত্রে শুনানীন্তে ১০/১২/২০১৮ খ্রি. মহামান্য আপিল বিভাগ Dismiss করে আদেশ প্রদান করেন। উহার বিরুদ্ধে জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক পুনরায় Civil Review Petition No. ১১৩/২০২০ দায়ের করেন।

৩। বর্ণিত দেওয়ানী মামলা নং ১২/২০১৯ ও Civil Review Petition No-১১৩/২০২০ বিচারাধীন থাকাবস্থায় জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক চাকরিতে পুর্নবহালের দাবিতে বিগত ১৪/৭/২০১৯ খ্রিস্টাব্দ তারিখে বোর্ডে একখানা দরখাস্ত দাখিল করেন যা বোর্ড কর্তৃক অনিষ্পত্তিকৃত থাকায় রিট পিটিশন নং ৯১৫০/২০১৯ দায়ের করেন ও মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত দরখাস্ত আইনানুগভাবে নিষ্পত্তির জন্য ১৫/১০/২০১৯ খ্রি. তারিখে আদেশ প্রদান করেন। তৎপ্রেক্ষিতে বোর্ডের ১৯/০২/২০১৯ খ্রি. তারিখে আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয় ও উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ত্বরিৎ "তদন্ত প্রতিবেদনের" সঠিকতা যাচাইয়ের জন্য তদন্তকারী কমিটির সদস্যদের সূত্রোক্ত ৪ নং স্মারকে বোর্ডে উপস্থিত হয়ে বক্তব্য দেয়ার জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। কথিত তদন্ত কমিটির সদস্য জনাব ডা: মোঃ মনিরুজ্জামান. সহকারী সার্জন বোর্ডে স্বশরীরে উপস্থিত হয়ে লিখিত ও মৌখিক সাক্ষ্যে বলেন যে, উপশহর আলিম মাদ্রাসা তিনি চিনেন না, তদন্ত কমিটির কোন চিঠি তিনি স্বাক্ষর করেননি, তার শিক্ষক জনাব মোঃ মাহবুবুর রহমান ভুল বুঝিয়ে সত্যায়িত করার কথা বলে কিছু কাগজপত্র সহি স্বাক্ষর গ্রহণ করেন, তৎকালীন মাদ্রাসা কর্তৃপক্ষ ১০/০৬/২০১৪ তারিখের কথিত ভূয়া তদন্ত প্রতিবেদন সৃজিত, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বিশ্বাস ভঙ্গ ও প্রতারণা করেছেন। তদন্ত কমিটির কথিত অন্যান্য সদস্যরা বোর্ডের পত্রের প্রেক্ষিতে কোনরূপ সাড়া প্রদান করেননি। বিষয়টি গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিজ্ঞ আইনজীবী জনাব রমজান আলী শিকদারের নিকট মতামত চাওয়া হলে বর্ণিত মামলাসমূহ বিচারাধীন থাকা অবস্থায় কোন পদক্ষেপ নেয়া উচিৎ নয় মর্মে মতামত প্রদান করেন।

৪। জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক কর্তৃক দায়েরকৃত Civil Review Petiton No-১১৩/২০২০ এ হাইকোর্ট প্রদত্ত রায়ে জনাব মুহা: জাকারিয়াকে অধ্যক্ষ উল্লেখ অংশটুকু Expunge করে আদেশ প্রদান করেন।

৫। একই বিষয়ে জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ ও দায়রা জজ আদালত, যশোর এ C.R. case No: ২৯৮/১৮ দায়ের করেন ও উক্ত মোকদ্দমায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক মোকাদ্দামায় ১-৪ নং আসামির বিরুদ্ধে অভিযোগ পত্র দাখিল করেন, যেখানে ২ নং আসামী হিসেবে জনাব মুহা: জাকাররিয়া হোসেন এর নাম উল্লেখ আছে। উক্ত মোকদ্দমায় ডা: মনিরুজ্জামান PW-৪ হিসেবে ০৯/০২/২০২৩ খ্রি. তারিখে তারিখে যে স্বাক্ষর প্রদান করেছেন তার মর্মার্থও বোর্ডে প্রদত্ত স্বাক্ষের অনুরূপ।

৬। বোর্ডের সূত্রোক্ত ৫ নং স্মারকের প্রেক্ষিতে মাদ্রাসার অধ্যক্ষ দাবিকৃত জনাব মো: জাকারিয়া হোসেন ০৩/১২/২০২৪ খ্রি. তারিখে লিখিত জবাবে বলেন, সাবেক অধ্যক্ষ আ.ন.ম আব্দুর রাজ্জাক এর বিষয়টি আদালত দ্বারা নিষ্পত্তি হয়ে গেছে। ১০/০৬/২০২৪ ইং তারিখের তর্কিত তদন্ত প্রতিবেদনে 'উল্লেখ' ও 'সংযুক্ত' করেন কিন্তু জনাব আব্দুর আ. ন.ম আব্দুর রাজ্জাক এর "জালিয়াতি ও সৃজনকৃত" সংক্রান্ত অভিযোগ বিষয়ে কোন মন্তব্য করেননি। অধ্যক্ষ পদে ২৬/১০/২০১৪ ইংরেজি তারিখে নিয়োগ পত্রের প্রেক্ষিতে যথানিয়মে উক্ত মাদ্রাসায় ২৭/১০/২০১৪ ইং তারিখে যোগদান করেন ও সংশ্লিষ্ট রেজুলেশন নিয়োগ বিজ্ঞপ্তি নিয়োগ বোর্ডের ফলাফল, নিয়োগপত্র অনুমোদনের রেজুলেশন, নিয়োগপত্র, যোগদান পত্র, MPO এর কপিসহ কাগজপত্র দাখিল করেন।

৭। জনাব মোঃ জাকারিয়া হোসেন কর্তৃক দাখিলী কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বোর্ড কর্তৃক জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর বরখাস্ত ২৯/৯/২০১৪ খ্রি. তারিখে অনুমোদন করায় ৬টি আলোচ্য সূচী উল্লেখ করে বোর্ডের পত্রের প্রেক্ষিতে "অধ্যক্ষের' শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি, বাছাই কমিটি, নিয়োগবোর্ড, বিগত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন ও বিবিধ বিষয়ে ০৩/১০/২০১৪ খ্রি. তারিখে গভর্নিং বডির সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, প্রবিধানমালা-২০০৯ এর ধারা ৩৩(৪) মোতাবেক সাধারণ সভা অনুষ্ঠানের সাত দিন পূর্বে বিজ্ঞপ্তি জারি (আলোচ্য সূচিসহ) ও ধারা ৩৭(২) এ অনুমোদনের বিধান রয়েছে। অন্যদিকে, ৩৪(১) মোতাবেক বিশেষ সভার বিধান রয়েছে যেখানে একটির অধিক আলোচ্যসূচি থাকিবে না, সে কারণে বর্ণিত ০৩/১০/২০১৪ খ্রি তারিখের সভা বিধি মোতাবেক হয়েছে মর্মে প্রতীয়মান হয়না। আবার ০৩/১০/২০১৪ খ্রি তারিখের রেজুলেশন অনুমোদন

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

সংক্রান্ত কোন রেজুলেশন বোর্ডে দাখিল করা হয়নি। তদুপরি ০৫ অক্টোবর ২০১৪ ইং তারিখে সমকাল পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয় এবং ২৬/১০/২০১৪ ইং তারিখের অধ্যক্ষ নিয়োগ পরীক্ষার ফলাফল দৃষ্টে দেখা যায় যে, জনাব মোঃ জাকারিয়া হোসেন প্রথম স্থান লাভ করেন ও বাছাই কমিটির সুপারিশ প্রাপ্ত হন। নিয়োগ পরীক্ষার একই দিনে আলোচ্যসূচি বিহীন গভর্নিং বডির ১৩তম সভা ও ১৪তম সভা অনুষ্ঠান করে সাক্ষাৎকার বোর্ডের কার্যক্রম সমাপ্ত করে অধ্যক্ষ পদে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত হিসেবে তাঁকে চূড়ান্তভাবে নির্বাচিত বিবেচনায় নিয়োগ পত্র দেয়ার সিদ্ধান্ত হয়। ২৬/১০/ ২০১৪ ইং নিয়োগ পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ায় একই দিনে (২৬/১০/২০১৪) গভার্নিং বডির সভা প্রবিধানের ৩৩ অথবা ৩৪ ধারা কোনটিই পরিপালিত হয়েছে মর্মে প্রতীয়মান হয় না। একই তারিখে (২৬/১০/২০২৪) নিয়োগ পত্র, যোগদানপত্র তাং ২৭/১০/২০২৪ ইং আপাতত দৃষ্টিতে মারাত্মকভাবে বিধি বহির্ভুতভাবে, যোগাযোগী কর্মকান্ডের সম্মিলিত ফল বিবেচনায় উক্তরূপ নিয়োগ আইনসঙ্গত নয় মর্মেও প্রতীয়মান। সর্বোপরি মাদ্রাসার অধ্যক্ষ পদের বিষয়ে রিট পিটিশন নং ১০১০২/২০১৪ এ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাকের 'অধ্যক্ষ' পদের দাবি বিষয়ে উন্মুক্ত রেখে ১২/০৮/২০১৮ তারিখে নিষ্পত্তি করেন। সে প্রেক্ষিতে জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক দে. মো-১২/২০১৯ দায়ের করেন। আবার জনাব জাকারিয়াকে অধ্যক্ষ উল্লেখের হাইকোর্ট বিভাগের রায় সংশোধন করে CRP No-১১৩/২০২০ এর As Principal of Madrasah" expunge করে রায় প্রদান করায় "অধ্যক্ষ" পদে জনাব জাকারিয়া এর নিয়োগ ও জনাব আব্দুর রাজ্জাকের বরখাস্ত অনুমোদন সর্বস্তরের চূড়ান্তভাবে নিষ্পত্তিকৃত বিবেচনা করা যায় না। সুপ্রীম কোর্টের বিজ্ঞ আইনজীবী জনাব রমজান আলী শিকদার কর্তৃক প্রদত্ত মতামত থেকেও উহা প্রতীয়মান।

৮। বর্ণিত অবস্থায়, জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক তার দেওয়ানী মোকাদ্দমা নং ১২/২০১৯ প্রত্যাহার করে বোর্ডে পুর্নবহালের দাবিতে ৬/১১/২০২৪ খ্রি. তারিখে (ইতোপূর্বে ০৬/০৮/২০২৪ ও ১৪/০৭/২০১৯ খ্রি তারিখের দরখাস্ত) রিট পিটিশন নং ১০১০২/২০১৪ প্রদত্ত রায় ও রিট পিটিশন নং ৯১৫০/২০১৯ এ প্রদত্ত আদেশ তা: ১৫/১০/২০১৯ মোতাবেক ও জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাকের বরখাস্তাদেশ বোর্ড কর্তৃক অনুমোদনের মূল ভিত্তি তর্কিত 'তদন্ত প্রতিবেদন' দুদকের তদন্তে, বিজ্ঞ আদালতে জনাব ডা: মনিরুজ্জামানের স্বাক্ষ্য ও বোর্ডে লিখিত ও মৌখিক বক্তব্যে সৃজিত ও যোগাযোগীর ভিত্তিতে সম্পাদন করা হয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় বোর্ডের স্মারক- বামাশিবো/সংস্থাপন/বাস্তবায়ন/এ-৪/৩৩৯/১০; তারিখ ২৯/০৯/২০১৪ খ্রি. এতদ্বারা প্রত্যাহার করা হলো। তাকে পুর্নবহাল করার জন্য সংশ্লিষ্ট সকলকে এতদ্বারা নির্দেশক্রম অনুরোধ করা হলো এবং জনাব মুহা: জাকারিয়া হোসেনের নিয়োগ বর্ণিত কারণে বিধিমোতাবেক না হওয়ায় ও ইতোমধ্যে Principal হিসেবে MPO অন্তর্ভুক্ত হওয়ায় উক্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো ও জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাকের MPO ভুক্তি/বকেয়া বেতনের বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৯/০২/২৫

প্রফেসর মোঃ আব্দুছ ছাত্তার মিয়া
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০;
২. সভাপতি, উপশহর আলিম মাদ্রাসা, ডাকঘর: শিক্ষা বোর্ড, সদর, যশোর;
৩. জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক, অধ্যক্ষ, উপশহর আলিম মাদ্রাসা, ডাকঘর: শিক্ষা বোর্ড, সদর, যশোর;
৪. জনাব মুহা: জাকারিয়া হোসেন (প্রভাষক), উপশহর আলিম মাদ্রাসা, ডাকঘর: শিক্ষা বোর্ড, সদর, যশোর;

তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৫
২৬ মাঘ ১৪৩১

নং-বামাশিবো/প্রশা/যশোর-১১৪/৫/০৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, যশোর;
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল;
৩. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৪. উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর (পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর;
৬. ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক ____________________ শাখা, সদর, যশোর
৭. অফিস কপি।

০৯-০২-২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd